



গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর ১৭০৬, বাংলাদেশ, টেলিফোন: +৮৮ ০২ ৯৯৬৬৯৫৩২৩, ফ্যাক্স: +৮৮ ০২ ৯৯৬৬৯৫৩১৬, +৮৮ ০২ ৯৯৬৬৯৫৩৩৩, পিএবিএক্স: +৮৮ ০২ ৯৯৬৬৯৫৩১০-১৪

GAZIPUR AGRICULTURAL UNIVERSITY

GAZIPUR 1706, BANGLADESH, TELEPHONE: +88 02 996695323, FAX: +88 02 996695316, +88 02996695333, PABX: +88 02 996695310-14, WEB: www.gau.edu.bd

স্মারক নং গাকৃবি/ভীন (এগ্রি-৮০)/২০২৩/৩০৩০

তারিখ: ০৮/০৬/২০২৬

সামার ২০২৬ টার্মে বিএস (কৃষি), বিএস (ফিশারিজ), বিএস (কৃষি অর্থনীতি), বিএস (ফরেস্ট্রি), বিএস (কৃষি প্রকৌশল) এবং ডিভিএম প্রোগ্রামে ভর্তির সময়সূচি ও অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্যাদি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি বিশ্ববিদ্যালয় এবং কৃষি শিক্ষা প্রাধান্য বিশ্ববিদ্যালয়সমূহে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে গুচ্ছ/সমন্বিত পদ্ধতিতে গত ০৩/০১/২০২৬ তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় মেধা/অপেক্ষমান তালিকায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে যে সকল শিক্ষার্থী গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ে সামার ২০২৬ টার্মে বিএস (কৃষি), বিএস (ফিশারিজ), বিএস (কৃষি অর্থনীতি), বিএস (ফরেস্ট্রি), বিএস (কৃষি প্রকৌশল) এবং ডিভিএম প্রোগ্রামে ভর্তির জন্য চূড়ান্তভাবে মনোনীত হয়েছে তাদের ভর্তি কার্যক্রম ১০ ও ১১ জুন, ২০২৬ তারিখ সকাল ০৯.৩০ ঘটিকা থেকে বিকাল ৩.৩০ ঘটিকা পর্যন্ত বেগম সুফিয়া কামাল অডিটোরিয়ামে সম্পন্ন করা হবে। বর্ণিত তারিখ ও সময়ের মধ্যে শিক্ষার্থীকে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হয়ে ভর্তির সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে। ভর্তি সংক্রান্ত যে কোন তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://gau.edu.bd> হতে জানা যাবে। ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাদি নিম্নে প্রদত্ত হলো।

ভর্তি ফি ও অন্যান্য আনুষঙ্গিক ফি'র পরিমাণ-

i). সাধারণ কোটায়, আদিবাসী কোটায়, প্রতিবন্ধী কোটায় ও প্রবাসী কোটায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের জন্য:

- ১। কৃষি অনুষদ: ১৬,৭৫০/- (ষোল হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র।
- ২। ফিশারিজ অনুষদ: ১৬,৭৫০/- (ষোল হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র।
- ৩। ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদ: ১৬,৯৭৫/- (ষোল হাজার নয়শত পঁচাত্তর) টাকা মাত্র।
- ৪। কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ: ১৬,৮৭৫/- (ষোল হাজার আটশত পঁচাত্তর) টাকা মাত্র।
- ৫। ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্ট অনুষদ: ১৬,৭৫০/- (ষোল হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র।
- ৬। কৃষি ও জৈবসম্পদ প্রকৌশল অনুষদ: ১৬,৭৫০/- (ষোল হাজার সাতশত পঞ্চাশ) টাকা মাত্র।

ii). মুক্তিযোদ্ধার সন্তান/নাতী/নাতনী কোটায় নির্বাচিত ছাত্র-ছাত্রীদের জন্য:

- ১। কৃষি অনুষদ: ১৬,১০০/- (ষোল হাজার একশত) টাকা মাত্র।
- ২। ফিশারিজ অনুষদ: ১৬,১৫০/- (ষোল হাজার একশত পঞ্চাশ) টাকা মাত্র।
- ৩। ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদ: ১৬,১৭৫/- (ষোল হাজার একশত পঁচাত্তর) টাকা মাত্র।
- ৪। কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন অনুষদ: ১৬,১২৫/- (ষোল হাজার একশত পঁচিশ) টাকা মাত্র।
- ৫। ফরেস্ট্রি এন্ড এনভায়রনমেন্ট অনুষদ: ১৬,০৫০/- (ষোল হাজার পঞ্চাশ) টাকা মাত্র।
- ৬। কৃষি ও জৈবসম্পদ প্রকৌশল অনুষদ: ১৬,১০০/- (ষোল হাজার একশত) টাকা মাত্র।

[বিঃদ্র: ইতিপূর্বে অনলাইনে জমাকৃত ১০,০০০/- (দশ হাজার) টাকা বাদ দিয়ে ভর্তির দিন অবশিষ্ট অর্থ বিশ্ববিদ্যালয়ের ব্যাংক হিসাবে জমা দিতে হবে।]

iii).ভর্তির সময় নিম্নোক্ত কাগজপত্র জমা দিতে হবে:

- ক) শিক্ষাবোর্ড হইতে প্রাপ্ত SSC ও HSC বা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ও উহার সত্যায়িত অনুলিপি, উল্লেখ্য যে, SSC ও HSC বা সমমানের পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট ব্যতীত কোন ছাত্র-ছাত্রীকে ভর্তি করা হবে না।
- খ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের মূলকপি ও সত্যায়িত অনুলিপি।
- গ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
- ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান অথবা ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত স্থায়ী ঠিকানা সম্পর্কিত নাগরিক সনদপত্রের সত্যায়িত অনুলিপি।
- ঙ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের তিন কপি সত্যায়িত রঙিন ছবি।
- চ) মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য কোটার ক্ষেত্রে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্রের মূলকপি ও সত্যায়িত অনুলিপি এবং আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব-স্ব আদিবাসী প্রধান/জেলা প্রশাসক এর সনদপত্রের মূলকপি ও সত্যায়িত অনুলিপি এবং অন্যান্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা সংস্থা এর সনদপত্রের মূলকপি ও সত্যায়িত অনুলিপি।
- ছ) মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান কোটায় ভর্তির ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি ও সত্যায়িত অনুলিপি।
- জ) কোটা সংক্রান্ত সনদপত্রের মূলকপি এতদসংক্রান্ত বিষয়ে গঠিত সাব-কমিটিকে প্রদর্শনপূর্বক উহা সাথে সাথে ফেরত নেয়া যাবে, তবে মূলসনদ প্রদর্শন ব্যতীত মনোনীত শিক্ষার্থীকে ভর্তি ফরম দেয়া হবে না।
- ঝ) ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও অনলাইনে ১০,০০০/- (দশ হাজার) টাকা ফি জমাদানের প্রিন্ট কপি সাথে নিয়ে আসতে হবে।



(প্রফেসর ড. মোঃ তৈমুর ইসলাম)

ডীন

ভেটেরিনারি মেডিসিন অ্যান্ড অ্যানিম্যাল সায়েন্স অনুষদ

ও

সদস্য-সচিব

ছাত্র ভর্তি কমিটি

অনুলিপি:

- ১। ট্রেজারার মহোদয়, গাক্‌বি।
- ২। সকল ডীন, গাক্‌বি।
- ৩। পরিচালক (ছাত্র কল্যাণ), গাক্‌বি।
- ৪। প্রক্টর, গাক্‌বি।
- ৫। প্রধান প্রকৌশলী, গাক্‌বি।
- ৬। দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা, মেডিক্যাল সেন্টার, গাক্‌বি।
- ৭। পিএস টু ভিসি, ভাইস-চ্যান্সেলর মহোদয়ের দপ্তর, গাক্‌বি।
- ৮। ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, গাক্‌বি শাখা, গাক্‌বি।
- ৯। সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার মহোদয়ের দপ্তর, গাক্‌বি।
- ১০। সহকারী রেজিস্ট্রার, খামার বিভাগ, গাক্‌বি।
- ১১। নোটিশ বোর্ড, গাক্‌বি।
- ১২। অফিস কপি।